

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-১ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০০.০০০০.০০০.০১৭.১১.০০০১.২৪-৬৯৮

তারিখ: ১২ ভাদ্র ১৪৩১  
২৭ আগস্ট ২০২৪

**বিষয়: ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন মেয়াদ উত্তীর্ণ ইউনিয়ন পরিষদসমূহের প্রশাসক নিয়োগ।**


সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ-এর স্মারক নং-৪৬২, তারিখ: ১৩/০৮/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, জেলা প্রশাসক, ময়মনসিংহ এর প্রস্তাব মোতাবেক ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন খাগডহর, দাপুনিয়া, ভাবখালী, চরঈশ্বরদিয়া, চরনিলক্ষীয়া এবং সিরতা ইউনিয়ন পরিষদে নিয়মিত শর্ত সাপেক্ষে বর্ণিত কর্মকর্তাগণকে নির্দেশক্রমে প্রশাসক হিসেবে নিয়োগের প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হলো:

ক্রমিক	প্রশাসকের পদবী ও ঠিকানা	ইউনিয়ন পরিষদের নাম
১.	ভেটেরিনারী সার্জন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়, সদর, ময়মনসিংহ।	খাগডহর
২.	উপজেলা পরিসংখ্যান অফিসার, সদর, ময়মনসিংহ।	দাপুনিয়া
৩.	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর, ময়মনসিংহ।	ভাবখালী
৪.	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সদর, ময়মনসিংহ।	চরঈশ্বরদিয়া
৫.	ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, সদর, ময়মনসিংহ।	চরনিলক্ষীয়া
৬.	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ময়মনসিংহ।	সিরতা

**শর্ত:**

- উল্লিখিত কর্মকর্তাগণ মেয়াদ উত্তীর্ণ ইউনিয়ন পরিষদসমূহের প্রশাসক নিযুক্তির তারিখ হতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) আইন ২০২৪-এর ১৮(১) ধারা মোতাবেক কেবলমাত্র ১ (এক) মেয়াদে ১২০ (একশত বিশ) দিনের অধিক সময় দায়িত্বে থাকতে পারবেন না; এবং
- কোন দৈব-দুর্বিপাক, অতিমারী, মহামারি ইত্যাদির কারণে এই আইনের বিধান মোতাবেক নির্বাচিত পরিষদ গঠন করা সম্ভব না হলে মেয়াদ বৃদ্ধির কারণ যথাযথভাবে উল্লেখপূর্বক সরকারের অনুমতি গ্রহণ করতে হবে।

  
২৭/০৮/২৪

( পূর্ববী পোলদার )  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪  
Email : lgup1@lgd.gov.bd


জেলা প্রশাসক,  
ময়মনসিংহ।

স্মারক নং- ৪৬.০০.০০০০.০০০.০১৭.১১.০০০১.২৪-৬৯৮/১(৪)

তারিখ: ১২ ভাদ্র ১৪৩১  
২৭ আগস্ট ২০২৪

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে)

- ১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, ময়মনসিংহ।
- ৩। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
২৭/০৮/২৪  
(পূর্ববর্তী গোলদার)  
সিনিয়র সহকারী সচিব